শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## উপজেলা পরিষদ ফুলবাড়ী, দিনাজপুর এর ৫১তম সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আতাউর রহমান মিল্টন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, দিনাজপুর। |
| আলোচ্য মাস | : | জুলাই, ২০২৩ |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ<br>ফুলবাড়ী, দিনাজপুর। |
| তারিখ | : | ২৪/০৮/২০২৩ খ্রিঃ। |
| সময় | : | সকাল- ১০:০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের তালিকা : 'ক'
অনুপস্থিত সদস্যগণের তালিকা: 'খ'

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্য ও ইউপি চেয়ারম্যানগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিভিন্ন ইউনিয়ন পরিষদের উন্নয়ন সংক্রান্ত বিষয়ে আলোচনাঃ

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ফুলবাড়ী পৌরসভাঃ মেয়র, ফুলবাড়ী পৌরসভা ফুলবাড়ী দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | মেয়র, ফুলবাড়ী পৌরসভা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.১ নং এলুয়াড়ী ইউপিঃ চেয়ারম্যান এলুয়াড়ী ইউপি সভায় তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। জলপাইতলী বাজার হতে শিবপুর চৌধুরীপাড়া পাকা রাস্তার পানিকাটা মালিপাড়া যাওয়ার রাস্তার পার্শে ব্রীজটি ভেঙে পড়েছে। দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন এবং গ্রামে গরুর ল্যাম্পিং রোগের মাত্রা অতিরিক্ত বেড়ে গেছে। এ রোগ প্রতিরোধে অগ্রীম কোন ভ্যাকসিনের ব্যবস্থা আছে কি না? থাকলে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। তিনি সভায় আরও উপস্থাপন করেন যে, তার ইউনিয়নে এলুয়াড়ী স:প্রা:বি: হতে মোজাম্ফর মন্ডলের বাড়ী হয়ে বিওপি রাস্তা পর্যন্ত গাছ নিলাম ডাকে বিক্রয় করা হয় এবং গাছও অপসারণ করা হয়েছে। বিক্রয়লব্ধ অর্থ সকল পক্ষকে বিতরণের জন্য অনুরোধ করেন। | ০১। চেয়ারম্যান, এলুয়াড়ী ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br><br>০২। উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর দ্রুত কালভার্ট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন<br><br>০৩। গরুর ল্যাম্পিং প্রতিরোধে প্রয়োজনীয় ভ্যাকসিনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br><br>০৪। বিক্রয়লব্ধ অর্থ সকল পক্ষকে দ্রুত বিতরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান<br>০১নং এলুয়াড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর<br><br>উপজেলা প্রকৌশলী<br>ফুলবাড়ী, দিনাজপুর<br><br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার<br>ফুলবাড়ী, দিনাজপুর |
| ২.২ নং আলাদীপুর ইউপিঃ চেয়ারম্যান আলাদীপুর ইউপি সভায় জানান তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে আপাতত কোন সমস্যা নাই। বাসুদেবপুর আবাসনের পুকুর গুলো পাড় কেটে রাস্তা ও গাছ পালার ক্ষতি করছে। দ্রুত সংস্কার করা প্রয়োজন এবং বিভিন্ন সমিতির নামে পুকুর লীজ গ্রহন করে কতিপয় ব্যক্তি ভোগ করছেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | ০১। চেয়ারম্যান, আলাদীপুর ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | চেয়ারম্যান<br>আলাদীপুর ইউপি<br>ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.৩ নং কাজিহাল ইউপিঃ চেয়ারম্যান কাজিহাল ইউপি সভায় জানান তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। | চেয়ারম্যান, কাজিহাল ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | চেয়ারম্যান<br>কাজিহাল ইউপি<br>ফুলবাড়ী, দিনাজপুর। |

| | | |
|---|---|---|
| ২.৪ নং বেতদিঘী ইউপিঃ চেয়ারম্যান বেতদিঘী ইউপি সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। মাদিলাহাট বাজারে অতি পুরাতন কিছু ঝুকিপূর্ণ গাছ আছে যা দ্রুত অপসারণ করা প্রয়োজন। | ০১। চেয়ারম্যান, বেতদিঘী ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। বিধি মোতাবেক ঝুকিপুর্ন গাছ গুলো দ্রুত অপসারনের সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান<br>বেতদিঘী ইউপি<br>ফুলবাড়ী, দিনাজপুর<br><br>উপজেলা বন কর্মকর্তা<br>ফুলবাড়ী, দিনাজপুর |
| ২.৫ নং খয়েরবাড়ীঃ চেয়ারম্যান খয়েরবাড়ী ইউপি সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে আপাতত কোন সমস্যা নাই। জনস্বাস্থ্য কর্তৃক স্থাপিত টিউবওয়েলগুলোর কাজ দ্রুত সম্পাদনের জন্য অনুরোধ জানান এবং ইউনিয়ন পরিষদ ভবনটি সংস্কারের জন্য সভায় অনুরোধ করেন। | ০১। চেয়ারম্যান, খয়েরবাড়ী ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর ইউপি ভবনটি সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান, খয়েরবাড়ী ইউপি ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>উপজেলা প্রকৌশলী<br>ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.৬ নং দৌলতপুর ইউপিঃ চেয়ারম্যান দৌলতপুর ইউপি সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | ০১। চেয়ারম্যান, দৌলতপুর ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ১) চেয়ারম্যান দৌলতপুর ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.৭ নং শিবনগর ইউপিঃ চেয়ারম্যান শিবনগর ইউপি সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | ০১। চেয়ারম্যান, শিবনগর ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ১) চেয়ারম্যান শিবনগর ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |

৩। বিভাগীয় আলোচনাঃ

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৩.১ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, ঢাকা থেকে আগত ও জ্বর আক্রান্ত রোগীদের ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে। এখন ডেঙ্গু রোগীর চাপ একটু কম তবে অন্যান্য রোগীর চাপ অনেক বেশী হওয়ায় সেবা প্রদানে হিমশিম খেতে হচ্ছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী |
| ৩.২ প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ৩.৩ উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান তাঁর দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। বর্তমানে রোপা আমন মৌসুমের রোপন কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং রাসায়নিক সারের মজুদ পর্যাপ্ত রয়েছে। | ১) উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর আসন্ন ইরি মৌসুমে কৃষকগণকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৪ উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা ফুলবাড়ী। |
| ৩.৫ উপজেলা শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান তাঁর দাপ্তরিক কর্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। মনিটরিং ও পরিদর্শন যথারীতি চলছে। স্কুল চলাকালীন সময়ে কোচিং বা প্রাইভেট সেন্টার চালু থাকলে সে বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য সভায় অনুরোধ করেন। | ০১। উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে কোন কোচিং খোলা থাকলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৬ সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। সামাজিক নিরাপত্তা ভাতা সমূহের চলতি আগস্ট, ২০২৩ মাসে ০৭টি ইউনিয়নসহ ০১টি পৌরসভার সকল ভাতা সমূহের লাইফ ভেরিফিকেশন ৯৭% সম্পন্ন হয়েছে। | ১) উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>২) সকল ভাতাভোগীর লাইফ ভেরিফিকেশনে উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুরকে সার্বিক সহযোগিতা করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |

| | | |
|---|---|---|
| অবশিষ্ট ০৩% মৃত্যু জনিতকারণে প্রতিস্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ৩% প্রতিস্থাপনকৃত ভাতাভোগীর নামের তালিকা অনুমোদন প্রয়োজন। যা আগামী ০১/০৯/২০২৩ তারিখে পে রোল প্রস্তুত করে পাঠাতে হবে।বিষয়টি অদ্যকার সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের ভাতা সমূহের বর্ধিত অনলাইন আবেদন চলমান আছে। | | |
| ৩.৭ মহিলা বিষয়ক দপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফুলবাড়ী সভায় জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের নতুন ভাতাভোগীর নির্বাচন এর কাজ চলমান আছে। যা সকল ইউনিয়ন কমিটি আগামী ২৫/০৮/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে উপজেলা কমিটির কাছে প্রেরণ করবেন। VWB কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দ পাওয়া যায় নাই। বরাদ্দ পাওয়া গেলে চাল বিতরণ করা হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৮ পরিবার পরিকল্পনা অফিসঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। আগামী ২৭-৩১ তারিখ মোট ০৫ দিন হেড কোয়ার্টার, ক্লিনিক, চিন্তামন মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকে স্বল্পমেয়াদী পদ্ধতীর উপর বিশেষ সেবা ক্যাম্প আয়োজন করা হয়েছিলো। | ০১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৯ জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখবেন। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী। |
| ৩.১০ উপজেলা প্রকৌশল অধিদপ্তরঃ উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। স্কুল মেরামত কাজ চলমান, এলুয়াড়ী ইউনিয়নের একটি কালভার্ট মেরামতের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। বর্ষার কারণে কোন কালভার্ট ক্ষতিগ্রস্থ হলে দ্রুত অবহিত করার জন্য অনুরোধ করেন এবং পাকা রাস্তায় পাওয়ার টিলার না উঠানোর জন্য সভায় অনুরোধ করেন। | ১) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর |

| | | |
|---|---|---|
| ৩.১১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় অবহিত করেন যে, ২০১৭-২০১৮ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত ফুলবাড়ী উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের গ্রামীন মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বন্ডকরণ শীর্ষক প্রকল্পের আওতায় ১৫,৬২০ কি: মি: রাস্তা এইচ বি বি করণ করা হয়েছে।<br>মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের গত ২৫/০৭/২০২৩ তারিখের ৫১.০১.০০০০.০২৪.১৪.০০১(অংশ-১).২৩.১২০৬ নং স্মারক পত্রের মাধ্যমে এইচ বি বি কৃত ঐসকল রাস্তা যাতে এলজিইডি কর্তৃক পাকা করা না হয় সে লক্ষ্যে প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বরাবর পত্র প্রেরণ করেছেন। ফুলবাড়ী | ০১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। করেছেন। ফুলবাড়ী উপজেলায় যে সকল রাস্তা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে এইচ বি বি করণ করা হয়েছে সে সকল রাস্তা উপজেলা প্রকৌশলীর কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর কর্তৃক পাকা না করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ফুলবাড়ী, দিনাজপুর।<br>উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর |

| | | |
|---|---|---|
| উপজেলায় যে সকল রাস্তা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে এইচ বি বি করণ করা হয়েছে সে সকল রাস্তা উপজেলা প্রকৌশলীর কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর কর্তৃক পাকা না করার জন্য সভাপতির মহোদয়ের মাধ্যমে উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুরকে অনুরোধ করেন এবং মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর পত্র খানা সভায় উপস্থাপন করেন। | | |
| <u>৩.১২ উপজেলা সমবায় দপ্তর :</u> উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তার কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা সমবায় অফিসার ফুলবাড়ী, দিনাজপুর |
| <u>৩.১৪ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</u> : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবি ভাবে চলছে আপাতত কোন সমস্যা নাই। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার ও বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |
| <u>৩.১৫ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার :</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। পরিদর্শনসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। স্কুল কলেজ চলাকালীন সময়ে কোচিং বন্ধ করার জন্য সভায় অনুরোধ করেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |
| <u>৩.১৬ উপজেলা বন কর্মকর্তা :</u> উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, সামাজিক বন বিভাগ, দিনাজপুরের আওতাধীন মধ্যপাড়া রেঞ্জের ভবানীপুর ,বিটের রামরায়পুর মৌজার (দাগ নং- ২৪৪৩, ২৪৪৪, ২৪৪৫, ২৪৫৮) ২০০৫-২০০৬ সনে সৃজিত ২০.১৫ হেক্টর উডলট (২য় আবর্ত) বাগানের উপকারভোগী হিসেবে চুক্তিনামায় উল্লেখিত মো: জাকারিয়া, পিতা- মৃত আ: কুদ্দুস, গ্রাম- শিবনগর এর জাতীয় পরিচয় পত্র অনুসারে নাম ও ঠিকানা মো: জাহাঙ্গীর আলম, পিতা- মৃত আব্দুল কুদ্দুস, গ্রাম- মহেশপুর। মো: জাকারিয়া এবং মো: জাহাঙ্গীর আলম একই ব্যক্তি মর্মে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এবং উপজেরা পরিষদের চেয়ারম্যান প্রত্যয়ন প্রদাণ করেছেন। লভ্যাংশ বিতরণের স্বার্থে বিষটি সভায় আলোচিত হলো। | উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন<br>০২। বিধি মোতাবেক লভ্যাংশ বিতরনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| <u>৩.১৭ উপজেলা নির্বাচন বিভাগঃ</u> উপজেলা নির্বাচন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তার কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | উপজেলা নির্বাচন অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |
| <u>৩.১৮ বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ :</u> সহকারী প্রকৌশলী, বিএমডিএ ইউনিট-২, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জনান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। খরা মৌসুমে প্রয়োজনে সেচ কার্যক্রম শুরু করা হবে। অফিস ভবন নির্মানের জন্য উপজেলা পরিষদ চত্বরে জমি বরাদ্দের জন্য আবেদন করেন। | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>০২। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ ইউনিট-২ ফুলবাড়ী, দিনাজপুর। |
| <u>৩.১৯ উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ঃ</u> উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| <u>৩.২০ পল্লী সঞ্চয় ব্যাংকঃ</u> শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে আপাতত কোন সমস্যা নাই। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, দিনাজপুর চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, ফুলবাড়ী, দিনাজপুর। |
| <u>৩.২১ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ</u> উপজেল সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। বকেয়া ঋণ আদায়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | উপজেল সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেল সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী। |
| <u>৩.২২ পল্লী বিদ্যুৎ সমিতি- ২:</u> জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি- ২ এর প্রতিনিধি সভায় জানান যে, সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি- ২, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি- ২, ফুলবাড়ী, দিনাজপুর। |
| <u>৩.২৩ নেসকো :</u> আবাসিক প্রকৌশলী, নেসকো সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | আবাসিক প্রকৌশলী, নেসকো, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | আবাসিক প্রকৌশলী, নেসকো, ফুলবাড়ী, দিনাজপুর। |

| | | |
|---|---|---|
| ৩.২৪ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর: উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। সকল ডিডিওগণকে ছুটির হিসাব এন্ট্রি দিবেন এবং প্রতি মাসে আয় ব্যয় হিসাব প্রতিপাদনের জন্য অনুরোধ করেন। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফুলবাড়ী ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.২৫ উপজেলা খাদ্য অধিদপ্তর : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.২৬ ইউজিডিপি (পরিচালন ও উন্নয়ন) ইউডিএফ, ইউজিডিপি, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর সভায় বলেন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে ২০২১-২২ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প বাস্তবায়নের জন্য ০৮/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৬).২০২২.৯৫১৩ স্মারকমূলে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ পত্র পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত অর্থ দ্বারা বাস্তবায়নের নিমিত্ত উপজেলা যাচাই বাছাই কমিটির সুপারিশের আলোকে নিম্নোক্ত উপ প্রকল্প সমূহ<br>০১। ফুলবাড়ী উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ;<br>০২। ফুলবাড়ী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফ্যান সরবরাহ:<br>উপপ্রকল্প সমূহ মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | ০১। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সুপারিশের প্রেক্ষিতে (জাইকা) এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে ২০২১-২২ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মিক্রমে গৃহীত হলো।<br><br>০২। ইউডিএফ, ইউজিডিপি, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর<br>ও<br>ইউডিএফ, ইউজিডিপি, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.২৭ উপজেলা যুব উন্নয়ন অফিস: উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। তার দপ্তরের জনবল অনুযায়ী কক্ষ কম হওয়ায় দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সমস্যা হচ্ছে তাই কক্ষ বরাদ্দের জন্য সভায় অনুরোধ করেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ফুলবাড়ী, দিনাজপুর |
| ৩.২৮ সহকারী প্রোগ্রামার: সহকারী প্রোগ্রামার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। সকল দপ্তরকে ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য সভায় অনুরোধ করেন। | সভায় সর্বসম্মতিক্রমে সকল দপ্তর তাদের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করবেন। | সকল দপ্তর প্রধান<br>ও<br>সহকারী প্রোগ্রামার |

৪। বিবিধঃ উপজেলা পরিষদ চত্বরের বাসা-বাড়ীর বিভিন্ন মেরামত, আপ্যায়ন ও অন্যান্য দ্রব্য ক্রয় বাবদ খরচের ব্যয় বিবরণী অনুমোদনের নিমিত্ত নিম্নোক্তভাবে দাখিল করা হয়।

| | |
|---|---|
| জনাব মো: আতাউর রহমান মিল্টন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের জুলাই, ২০২৩ মাসের সম্মানী | ৪৫,০০০/- |
| জনাব মঞ্জু রায় চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের জুলাই, ২০২৩ মাসের সম্মানী | ২৭,০০০/- |
| জনাব মোছা: নীরু সামসুন্নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের জুলাই, ২৩ মাসের সম্মানী | ২৭,০০০/- |
| শ্রী নয়ন চন্দ্র বর্মন, ঝাড়ুদার, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের জুলাই, ২০২৩ মাসের মজুরী বিল | ১৭,০৫০/- |
| মো: আতাউর রহমান, মালী উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের জুলাই, ২০২৩ মাসের মজুরী বিল | ১৬,৫০০/- |

উপরোক্ত ব্যয় বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উক্ত ব্যয় অন্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ২৪/০৮/২০২৩ তারিখ পর্যন্ত ৪০,৩০,৪১৮/০৫ টাকা স্থিতি রয়েছে।

| | | |
|---|---|---|
| ৪.১ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, স্ট্যান্ডিং কমিটির সদস্য সচিবগণ সভা আহবান করে পত্র প্রেরণ করলেও সদস্যরা উপস্থিত হন না। সকল সদস্যগণকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করেন এবং হাইওয়েতে পানিসহ মাছের গাড়ীর পানি পড়ে রাস্তার ক্ষতি করছে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | ০১। সভায় সর্বসম্মতিক্রমে সকল সভায় যথা সময়ে সদস্যগণকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।<br>০২। সভায় সর্বসম্মতিক্রমে হাইওয়েতে পানিসহ মাছের গাড়ীর পানি যে রাস্তার ক্ষতি না করে তা তদারকির জন্য অফিসর ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুরকে অনুরোধ করা হলো। | সকল দপ্তর প্রধানগণ<br><br>অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা, দিনাজপুর |
| ৪.২ উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী বলেন যে, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে বীর মুক্তিযোদ্ধাদের রাস্তার নাম করণের নিমিত্ত উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় আলোচনাপূর্বক মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউপি চেয়ারম্যানদের নিকট হতে প্রস্তাবনাসহ তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন প্রস্তাব পাওয়া যায় নাই। তাই আগামী ০৭ (সাত) কার্যদিবসের | মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউপি চেয়ারম্যানগণ বীর মুক্তিযোদ্ধাদের রাস্তার নাম করণের নিমিত্ত প্রস্তাবনাসহ তালিকা আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর বরাবর দাখিলের | মেয়র<br>ফুলবাড়ী পৌরসভা<br>ও<br>সকল ইউপি |

| | | |
|---|---|---|
| মধ্যে বীর মুক্তিযোদ্ধাদের নামে রাস্তা নাম করণের নিমিত্ত প্রস্তাবনাসহ তালিকা দাখিলের জন্য পুণরায় সভাপতির মাধ্যমে মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | চেয়ারম্যান ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৪.৩ উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী সকল দপ্তর প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির নিয়মিত সভা করার নির্দেশনা থাকলেও স্ট্যান্ডিং কমিটির সদস্য সচিবগণ নিয়মিত সভা করছেন না। তাই তিনি স্ট্যান্ডিং কমিটির নিয়মিত সভা করে গুরুত্বপূর্ণ কোনো সিদ্ধান্ত থাকলে তা উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সভাপতির মাধ্যমে স্ট্যান্ডিং কমিটি সংশ্লিষ্ট সদস্য সচিবগণকে পুনরায় অনুরোধ জানান। | সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটির সদস্য সচিবগণ নিয়মিত সভা করে সভার গুরুত্বপূর্ণ কোনো সিদ্ধান্ত থাকলে তা উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপন করবেন। | সংশ্লিষ্ট সরকারি দপ্তর |
| ৪.৪ উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর দন্ড সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখার জন্য সভাপতির মাধ্যমে সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জনান। | চেয়ারম্যান, সকল ইউপি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর দন্ড সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখবেন। | চেয়ারম্যান সকল ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৪.৫ উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী, দিনাজপুর বলেন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা- ১ শাখা হতে গত ২৪ জুলাই ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০ (অংশ-১)- ৩৫৩ নং স্মারকে উপজেলা পরিষদে কর্মরত যেসকল কর্মচারীর ১০ বছর উত্তীর্ণ হয়েছে সেসকল কর্মচারীর উচ্চতর গ্রেড প্রদানে নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত জনাব মোঃ ইকবাল সরকার মিটু, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও জনাব মোঃ মুকুল শেখ, জীপগাড়ী চালক গত ০৯/০৪/২০১২ এ যোগদান করে অদ্যাবধি কর্মরত রয়েছেন। বিধায় কর্মচারীদ্বয় গত ০৯/২০৪/২০২২ তারিখ হতে উচ্চতর গ্রেড প্রাপ্তির জন্য আবেদন করেন। প্রাপ্ত আবেদনটি অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে প্রকাশিত চাকুরি (বেতন ভাতাদি) আদেশ ২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) অনুযায়ী এবং উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরি) বিধিমালা ২০১১ (এস.আর.ও নং ৩৮৭-আইন/২০১০) এর তৃতীয় অধ্যায়ের ১০ অনুচ্ছেদ মোতাবেক জনাব মোঃ ইকবাল সরকার মিটু, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও জনাব মোঃ মুকুল শেখ, জীপগাড়ী চালক এর ০৯/০৪/২০২২ তারিখ হতে উচ্চতর গ্রেড প্রদানে অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর জনাব মোঃ ইকবাল সরকার, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও জনাব মোঃ মুকুল শেখ, জীপগাড়ী চালক এর ০৯/০৪/২০২২ তারিখ হতে উচ্চতর গ্রেড প্রদানে বিধিমোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার ফুলবাড়ী, দিনাজপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আতাউর রহমান মিল্টন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোন- ০৫৩২৭-৫৬৫৪৬

উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।
পোঃ কোড- ৫২৬০

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৫২.০০২.২০২০-১৩১৭/১(৪০)

তারিখ: ০৯ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য-১০ দিনাজপুর- ৫ ও সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২।সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩।পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের ,কার্যালয়, রংপুর।
০৪।জেলা প্রশাসক, দিনাজপুর
০৫।উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৬।চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
০৭।মেয়র, ফুলবাড়ী, পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
০৯। চেয়ারম্যান ................................................... ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।
১০।উপজেলা ................................................... কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ফুলবাড়ী, দিনাজপুর। তাঁকে সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১২।নোটিশ বোর্ড।

২৪/০৮/২০২৩

(মুহাম্মদ জাফর আরিফ চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোন- ০২৫৮৮৮৭৮২৪